হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৩ ঃ সংখ্যা-২৫১ ঃ মেহেরপুর-বৃহস্পতিবার ২৫ সেপ্টেম্বর ২০২৫ ইং ঃ ১০ আশ্বিন ১৪৩২ বাংলা ঃ ২ রবি,সানি ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা www.amadersurjodoy.com

সূর্যোদয় স্কুল অ্যান্ড কলেজ
সুষম অধ্যয়ন অধ্যবসায়
স্থাপিতঃ-২০১৮
গাংনী, মেহেরপুর



বিয়ের আগের দিনের অনুভূতি জানালেন তানিয়া বৃষ্টি -পৃষ্ঠা-৩

## আগামী নির্বাচন হবে গণতন্ত্রের নতুন ভিত্তি প্রধান উপদেষ্টা

সূর্যোদয় প্রতিবেদন

প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের সাথে নিউইয়র্কে মঙ্গলবার প্যারিসের মেয়র অ্যানে হিদালগো বৈঠক করেছেন। বৈঠকে উভয়ে বাংলাদেশের রাজনৈতিক প্রেক্ষাপট, ক্রীড়া, সামাজিক উদ্যোগ এবং বিশ্বমানবিক সঙ্কট নিয়ে বিস্তারিত আলোচনা করেন। সাক্ষাৎকালে দুই নেতা বাংলাদেশের আসন্ন সাধারণ নির্বাচন, অন্তর্বর্তী সরকারের নেতৃত্বে চলমান সংস্কার কার্যক্রম, ক্রীড়া ও অলিম্পিকে সামাজিক ব্যবসার সম্ভাবনা এবং বৈশ্বিক শরণার্থী সঙ্কট- বিশেষ করে রোহিঙ্গা মানবিক সঙ্কট সম্পর্কে ব্যাপক মত বিনিময় করেন। এ সময়ে অধ্যাপক ইউনূস বলেন, ‘বাংলাদেশ গণতান্ত্রিক রূপান্তরের পথে এগিয়ে যাচ্ছে। আগামী সাধারণ নির্বাচন ফেব্রুয়ারির প্রথমার্ধে অনুষ্ঠিত হবে। এটি শুধু একটি নির্বাচন নয়, এটি দেশের গণতন্ত্রে একটি নতুন যুগের সূচনা করবে।’ প্রধান উপদেষ্টা আরো বলেন, ‘আগামী ফেব্রুয়ারির নির্বাচন

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে নবাগত পুলিশ সুপারের সঙ্গে সাংবাদিকদের মতবিনিময়

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের নবাগত পুলিশ সুপার মোহাম্মদ মনজুর আহমেদ সিদ্দীকী সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় করেছেন।গতকাল বুধবার (২৪ সেপ্টেম্বর) সকাল ১১টার দিকে পুলিশ সুপারের কার্যালয়ের সম্মেলন কক্ষে এ সভার আয়োজন করা হয়। সভায় পুলিশ সুপার বলেন, “আইনশৃঙ্খলা রক্ষায় সাংবাদিকরা আমাদের সহযোগী শক্তি। সমাজের অসঙ্গতি ও অপরাধ তুলে ধরতে সংবাদপত্রের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। তাই পারস্পরিক সহযোগিতার ভিত্তিতে জেলার সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতির উন্নয়ন করতে চাই।” তিনি আরও বলেন, সন্ত্রাস, মাদক ও দুর্নীতির বিরুদ্ধে কোনো ধরনের আপস করা হবে না। জনগণের জানমালের নিরাপত্তা দিতে পুলিশ সর্বদা প্রস্তুত। অনলাইন জুয়ার নেতিবাচক প্রভাব তুলে ধরে পুলিশ সুপার বলেন, “বিগত সময়ে অনলাইন জুয়ায়

২-এর পৃষ্ঠা দেখুন

## মুজিবনগরে ‘প্রতিজন এক গাছ’ উদ্যোগের ঘোষণা জেলা প্রশাসকের

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের মুজিবনগরে প্রতিজন মানুষকে একটি করে গাছের সঙ্গে যুক্ত করার উদ্যোগ নেওয়া হবে। বুধবার দুপুরে মুজিবনগর উপজেলা প্রশাসনের আয়োজনে রাজনৈতিক নেতা, জনপ্রতিনিধি, শিক্ষক, সাংবাদিক, মুক্তিযোদ্ধা ও সুধীজনদের সঙ্গে মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে নবাগত জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল সালাম এ তথ্য জানান। ড. সালাম বলেন, “মুজিবনগরের প্রতিটি মানুষ যেন নিজের স্বাক্ষর করতে সক্ষম হয়, সে লক্ষ্যে আমরা কাজ করবো। যে কোনো সেবা নিতে গেলে যারা স্বাক্ষর জানে না, তাদের আগে স্বাক্ষর শেখানো হবে। এছাড়া স্বাস্থ্য খাতে গর্ভবতী যেসব মা নরমাল ডেলিভারিতে সন্তান প্রসব করবেন, তাদের প্রশাসন পুরস্কৃত করবে।” তিনি আরও বলেন, “মুজিবনগরের সমস্যা ও সম্ভাবনার সমাধান ও উন্নয়নের জন্য আমি উদ্যোগ গ্রহণ করবো। এর জন্য সকলের সহযোগিতা প্রয়োজন। সম্মিলিত প্রচেষ্টায় সবকিছু সম্ভব।” মতবিনিময় সভার আগে মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার পলাশ মণ্ডলের সভাপতিত্বে বিভিন্ন রাজনৈতিক ও সামাজিক নেতৃবৃন্দ বক্তব্য রাখেন। এদের মধ্যে ছিলেন মেহেরপুর জেলা জামায়াতে ইসলামের আমীর তাজ উদ্দিন খান, মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম, জনপ্রতিনিধি আব্দুর রশিদ, নাগরিক পার্টির জেলা যুগ্ম সমন্বয়ক




২-এর পৃষ্ঠা দেখুন



## বিএনপিতে কোন চাঁদাবাজের স্থান নেই- অ্যাডঃ কামরুল হাসান

নিজস্ব প্রতিবেদক

বিএনপিতে কোন চাঁদাবাজের স্থান নেই। হিন্দু সম্প্রদায়সহ মেহেরপুরের কোথাও এমন ঘটনা ঘটলে আমাকে বললে আমি তৎক্ষণাৎ ব্যবস্থা নেব, মন্তব্য করেছেন মেহেরপুর জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান।গতকাল বুধবার (২৪ সেপ্টেম্বর) বিকেল ৫টায় মেহেরপুর জেলা বিএনপির কার্যালয়ে আসন্ন

২-এর পৃষ্ঠা দেখুন

## গাংনীতে টাকা ছিনতাই

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের গাংনী উপজেলার চোখতোলা এলাকায় আলগামন (ব্যাটারিচালিত ভ্যান) থামিয়ে এক যাত্রীর কাছ থেকে টাকা ছিনতাই করে নিয়েছে দুর্বৃত্তরা। মঙ্গলবার (২৩ সেপ্টেম্বর) রাত সাড়ে ৯টার দিকে এ ঘটনা ঘটে। ভুক্তভোগী বিমানের বাড়ি মেহেরপুর সদর উপজেলার পিরোজপুর গ্রামে। তিনি নজরুল ইসলামের ছেলে। স্থানীয় সূত্রে জানা গেছে, বিমান আলগামনে করে চোখতোলা এলাকায় পৌঁছালে একদল ছিনতাইকারী তার গতিরোধ করে। এসময় তারা জোরপূর্বক তার কাছ থেকে ২ হাজার ৬০০ টাকা ছিনিয়ে নেয়। ঘটনার পর স্থানীয়রা

২-এর পৃষ্ঠা দেখুন



## পুজামণ্ডপের নিরাপত্তায় জামায়াত সর্বদা প্রস্তুত - তাজউদ্দিন খান

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে আসন্ন শারদীয় দুর্গাপূজা শান্তিপূর্ণ ও নিরাপদভাবে উদযাপন নিশ্চিত করতে জেলা জামায়াতে ইসলামী সনাতন ধর্মাবলম্বী নেতৃবৃন্দের সাথে মতবিনিময় সভা করেছে। গতকাল বুধবার (২৪ সেপ্টেম্বর) সন্ধ্যা সাড়ে ৬টায় বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা কার্যালয়ে অনুষ্ঠিত মতবিনিময় সভায় প্রধান অতিথি

২-এর পৃষ্ঠা দেখুন

## গাংনীতে গৃহবধূর ঝুলন্ত মরদেহ উদ্ধার, স্বামীর বিরুদ্ধে অভিযোগ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের গাংনী উপজেলার কাজিপুর গ্রামে দুই সন্তানের জননী টলি খাতুন (৩৭) নামের এক গৃহবধূর ঝুলন্ত মরদেহ উদ্ধার করেছে পুলিশ। গতকাল বুধবার (২৪ সেপ্টেম্বর) সকাল ৯টার দিকে নিজ ঘরে ঝুলন্ত অবস্থায় মরদেহ দেখতে পান স্থানীয়রা। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে গিয়ে মরদেহ উদ্ধার করে। নিহত টলি খাতুন কুষ্টিয়ার দৌলতপুর উপজেলার বোয়ালিয়া গ্রামের সবেদ আলীর মেয়ে। প্রায় ২০ বছর আগে তার বিয়ে হয় গাংনীর কাজিপুর সর্দারপাড়ার তাজুল ইসলামের সঙ্গে। সংসার জীবনে তাদের রয়েছে দুই সন্তান। টলি খাতুনের পরিবারের দাবি, তাকে স্বামী তাজুল ইসলাম দীর্ঘদিন ধরে নির্যাতন করে আসছিল। নির্যাতনের একপর্যায়ে তাকে হত্যা করে পরে ঘটনাটিকে আত্মহত্যা হিসেবে চালিয়ে দেওয়ার চেষ্টা করা হচ্ছে। নিহতের ফুফু মুর্শিদা খাতুন বলেন,টলির শরীরে অসংখ্য আঘাতের চিহ্ন আছে। গলায় দড়ির দাগ, পেটে মারধরের দাগ স্পষ্ট দেখা গেছে। তাকে নির্যাতন করে মেরে ফেলা হয়েছে। আমি তাজুলের ফাঁসি চাই। অন্যদিকে নিহতের স্বামীর চাচা এনামুল হক ভিন্ন দাবি করেছেন। তিনি বলেন, তাজুল তার স্ত্রীকে খুব ভালোবাসত। এমনকি বছর খানেক আগে নিজের মায়ের নামে থাকা জমি স্ত্রীর নামে রেজিস্ট্রি করে দিয়েছে। ঘটনার আগের দিন টলি শাশুড়িকে ভাত খেতে দেয়নি। এ নিয়ে তাদের মধ্যে কথা

২-এর পৃষ্ঠা দেখুন



## চুয়াডাঙ্গায় নকল সার বিক্রি ও মজুদের অপরাধে জরিমানা

চুয়াডাঙ্গা প্রতিবেদক

চুয়াডাঙ্গায় নকল সার বিক্রি ও মজুদের অপরাধে মেসার্স কামরুল ট্রেডার্স নামে এক প্রতিষ্ঠানকে এক লাখ টাকা জরিমানা করা হয়েছে।গতকাল বুধবার (২৪ সেপ্টেম্বর) দুপুরে সদর উপজেলার বেগমপুর ইউনিয়নের আকন্দবাড়িয়া গ্রামে ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের অভিযানে এ জরিমানা করা হয়। ভোক্তার চুয়াডাঙ্গা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ মামুনুল হাসান অভিযানে নেতৃত্ব দেন। অভিযান শেষে মামুনুল হাসান জানান, ভোক্তার

২-এর পৃষ্ঠা দেখুন

## মেহেরপুরে ফেনসিডিল মামলায় ১০ বছরের কারাদণ্ড

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে ফেনসিডিল রাখার অভিযোগে রাজু নামে এক ব্যক্তিকে ১০ বছরের কারাদণ্ড ও ৫০ হাজার টাকা জরিমানা প্রদান করা হয়েছে। জরিমানা অনাদায় আরও ২ বছরের কারাদণ্ডের বিধান রয়েছে। মেহেরপুর সিনিয়র ও জেলা দায়রা জজ আদালতের বিচারক এসএম নাসিম রেজা গতকাল বুধবার (২৩ সেপ্টেম্বর) দুপুরে এ রায় ঘোষণা করেন। সাজাপ্রাপ্ত রাজু মেহেরপুর সদর উপজেলার শোলমারী গ্রামের আহাসানুল হকের ছেলে। মামলার বিবরণে জানানো হয়েছে, ২০২৪ সালের ১৩ মার্চ মেহেরপুর ডিবি পুলিশের একটি দল গোপন সংবাদের ভিত্তিতে শোলমারীর

২-এর পৃষ্ঠা দেখুন




## মেহেরপুর সরকারি কলেজে ব্যবস্থাপনা বিভাগের সেমিনার

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সরকারি কলেজের ব্যবস্থাপনা বিভাগের উদ্যোগে অনার্স প্রথম বর্ষের শিক্ষার্থীদের নিয়ে এক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। বুধবার সকালে কলেজ মিলনায়তনে অনুষ্ঠিত এ সেমিনারে পৃষ্ঠপোষকতা করে এনআরবিসি ব্যাংক। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিভাগীয় প্রধান ও সহযোগী অধ্যাপক আফরোজ মেহেরুবা। অন্যদের মধ্যে বক্তব্য রাখেন সহকারী অধ্যাপক মুন্সি এ এইস এম রাশেদুল হক এবং এনআরবিসি ব্যাংকের ব্যবস্থাপক মো. মনিরুল ইসলাম। সেমিনারটি পরিচালনা করেন প্রভাষক আশরাফুল হাবিব।

## নির্বাচনে বিএনপির জয় দেখছেন ৪০ শতাংশ জামায়াতের পক্ষে ২৮ শতাংশ

সূর্যোদয় প্রতিবেদন

জনগণের নির্বাচন ভাবনা নিয়ে ইনোভিশন কনসাল্টিং পরিচালিত সাম্প্রতিক এক জরিপে উঠে এসেছে ভিন্নধর্মী চিত্র। আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে কোন দল সরকার গঠন করবে এই প্রশ্নে ৪০ শতাংশ ভোটার বিএনপির পক্ষে মত দিয়েছেন। অন্যদিকে ২৮ দশমিক ১ শতাংশ ভোটারের বিশ্বাস, জামায়াতে ইসলামীই ক্ষমতায় যেতে পারে। বুধবার রাজধানীর আগারগাঁওয়ে জাতীয় আর্কাইভস ভবনের মিলনায়তনে আয়োজিত সংবাদ সম্মেলনে এই জরিপের ফল প্রকাশ করে প্রতিষ্ঠানটি। ‘জনগণের নির্বাচন ভাবনা’ শীর্ষক এ জরিপের দ্বিতীয় দফার দ্বিতীয় পর্বে অংশ নিয়েছেন ১০ হাজার ৪১৩ জন ভোটার। তাদের মধ্যে ৬৯ দশমিক ৫ শতাংশ শহরের এবং ৩০ দশমিক ৫ শতাংশ গ্রামের বাসিন্দা। দেশের ৬৪ জেলায় ৫২১টি প্রাইমারি স্যাম্পলিং ইউনিটে জরিপটি পরিচালিত হয়। যদিও বর্তমানে কার্যক্রম নিষিদ্ধ, তবুও আওয়ামী লীগের নির্বাচনে অংশগ্রহণ প্রসঙ্গে প্রশ্ন তোলা হয়েছিল জরিপে। এতে অংশগ্রহণকারীদের মধ্যে ৪৫ দশমিক ৭৯

২-এর পৃষ্ঠা দেখুন

মেসার্স এ. আর. এন্টারপ্রাইজ
প্রোঃ মোঃ আলতাফ হোসেন
এখানে পাওয়া যায়
✓ সকল প্রকার ক্রোকারিজ সামগ্রী
✓ প্লাস্টিক সামগ্রী
খুচরা ও পাইকারি বিক্রয়করা হয়।
পরিবেশক
• কিয়াম মেটাল ইন্ডাস্ট্রিজ
• আর এফ এল
• আকিজ সিরামিক
কাঁসারী বাজার, মেহেরপুর।
০১৯২২-৬৪৫২১৮, ০১৭০৯-১০৯১৯১

### অনুবাক্য

মামুনুর রশিদ মামুন

খবর {তল্লাশির নামে সম্পাদক কে হেনস্তা}

মাদক বাবু হঠাৎ এসে
ব্যাগ ধরে,করছে টানাটানি
বলছি বাবু আড়ালে চল
ব্যাগে মাদক আছে জানি।
ব্যাগের মালিক তেড়ে এসে
চ্যালেঞ্জ করে বসে
কিসের তুই মাদক বাবু
কি পরিচয় তোর আছে।
কার ব্যাগে তুই হাত দিলি
থাকতো যদি জানা
আঝোড়া বাঁশ দিয়ে দিত
করতো না কেউ মানা।
সম্পাদকের কথা শুনে
মাদক বাবু চুপ
কখন যে সটকে পড়লো
অন্ধকারে দিল ডুব।



## গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতা সমাপনী ও পুরস্কার বিতরণ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে ৫২তম বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষার গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতা ২০২৫-এর সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে। গতকাল বুধবার (২৪ সেপ্টেম্বর) মেহেরপুর সদর উপজেলার গোভীপুর মাধ্যমিক বিদ্যালয় মাঠে

২-এর পৃষ্ঠা দেখুন

## লাদাখে বিজেপি কার্যালয়ের সামনে সহিংস বিক্ষোভ

সূর্যোদয় প্রতিবেদন

লাদাখের পৃথক রাজ্যের মর্যাদা ও ভারতীয় সংবিধানের ষষ্ঠ তফসিলের আওতায় স্বায়ত্তশাসনের দাবিকে ঘিরে উত্তপ্ত হয়ে উঠেছে পরিস্থিতি। বুধবার (২৪ সেপ্টেম্বর) লাদাখ অ্যাপেক্স বডির (এলএবি) ডাকা বন্?ধ চলাকালে লে শহরে বিজেপির কার্যালয়ের সামনে সহিংস বিক্ষোভ ছড়িয়ে পড়ে। প্রত্যক্ষদর্শী ও স্থানীয় প্রশাসনের সূত্রে জানা যায়, এলএবি’র সমর্থকরা এদিন বিজেপি কার্যালয় ঘিরে বিক্ষোভ শুরু করেন। কেন্দ্রীয় সরকারের উদাসীনতায় ক্ষুব্ধ বিক্ষোভকারীদের ছত্রভঙ্গ

২-এর পৃষ্ঠা দেখুন



## বুড়িপোতা ইউনিয়নের গোল্ডকাপ ফুটবলে ১ নম্বর ওয়ার্ড ফাইনালে

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়নের উদ্যোগে অনুষ্ঠিত তারুণ্যের উৎসব উপলক্ষে ওয়ার্ড ভিত্তিক গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টে ১ নম্বর ওয়ার্ড একাদশ ফাইনালে পৌঁছেছে। গতকাল বুধবার বিকেলে হরিরামপুর মাঠে অনুষ্ঠিত সেমিফাইনাল খেলায় ১ নম্বর ওয়ার্ড একাদশ

২-এর পৃষ্ঠা দেখুন

সু- খবর সু- খবর সু- খবর
আপনার স্বপ্নের অফিসিয়াল স্মার্ট ফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন এক ছাদের নিচে।
আমাদের কাছে পাচ্ছেন -
✓ অথেনটিক প্রোডাক্ট
✓ সেরা দাম
✓ নির্ভরযোগ্য সেবা
মোবাইল স্টেশন
তাই আর দেরি না করে আপনার প্রয়োজনীয় অফিসিয়াল যে কোনো স্মার্টফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন-ই সংগ্রহ করুন আমাদের কাছ থেকে নিশ্চিন্তে।
আমাদের ঠিকানা: মোবাইল স্টেশন, প্রধান সড়ক ,মেহেরপুর।
হেল্পলাইন: ০১৭১২৫১১১৮১
আপনার হাতে থাকা পুরোনো মোবাইল ফোনটি এক্সচেঞ্জ করতে পারেন খুব সহজেই।
বিঃদ্রঃ- আমরা কোন অবস্থায় রিফারবিষ্ট বা ক্লোন মোবাইল বিক্রি করিনা।

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

ঢাকা ॥ বৃহস্পতিবার ॥ ১০ আশ্বিন ১৪৩২ বাংলা ॥ ২৫ সেপ্টেম্বর ২০২৫ইং

# জামায়াতের প্রার্থী বাছাই শেষ ভোটের প্রস্তুতি জোরেশোরে

সূর্যোদয় প্রতিবেদন

আসন্ন জাতীয় সংসদ নির্বাচন সামনে রেখে ২৯৮টি আসনে প্রার্থী চূড়ান্ত করেছে বাংলাদেশ জামায়াতে ইসলামী। দলটির দাবি, জেলা ও উপজেলা পর্যায়ে তৃণমূল নেতাদের গোপন ভোটের মাধ্যমেই প্রার্থী বাছাই সম্পন্ন হয়েছে। তবে দুটি আসনে প্রার্থী নিয়ে প্রকাশ্য অসন্তোষ দেখা দিয়েছে। জামায়াতের জ্যেষ্ঠ নেতারা জানিয়েছেন, কোনো রাজনৈতিক দল বা জোটের সঙ্গে সমঝোতা হলে শরিকদের জন্য কিছু আসনে প্রার্থী প্রত্যাহার করা হতে পারে। তবুও জানুয়ারি থেকে সারাদেশে প্রাথমিক প্রার্থীরা প্রচারণা চালাচ্ছেন। ঘরে ঘরে গিয়ে ভোট চাওয়ার পাশাপাশি তারা নির্বাচনী প্রতিদ্বন্দ্বিতার জন্য মাঠ প্রস্তুত করছেন। জামায়াতের অভ্যন্তরীণ জরিপ অনুযায়ী, রংপুর ও খুলনা বিভাগের সব আসনসহ শতাধিক আসনে বিএনপির বিপরীতে শক্ত প্রতিদ্বন্দ্বিতা গড়ে তোলার মতো অবস্থানে আছে দলটি। রাজশাহী, চট্টগ্রাম, সিলেট, ময়মনসিংহ, ঢাকা ও বরিশালের কিছু আসনেও জয় নিশ্চিত করার মতো শক্তিশালী প্রার্থী রয়েছে বলে দাবি করছে জামায়াত। দলীয় সূত্রে জানা গেছে, আমির ডা. শফিকুর রহমান ঢাকা-১৫, সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার খুলনা-৫, নায়েবে আমির মুজিবুর রহমান রাজশাহী-১ এবং ডা. তাহের কুমিল্লা-১১ আসনে লড়বেন। যুদ্ধাপরাধের মামলায় দণ্ডপ্রাপ্ত বা নিহত নেতাদের সন্তানদেরও কয়েকটি আসনে প্রার্থী করা হয়েছে। এর মধ্যে ব্যারিস্টার নাজিবুর রহমান মোমিন (নিজামীর ছেলে), মাসুদ ও শামীম সাঈদী (সাঈদীর ছেলে) এবং ব্যারিস্টার মীর আহমদ বিন আরমান (মীর কাসেমের ছেলে) রয়েছেন। ঠাকুরগাঁও-১ আসনে বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরের বিপরীতে প্রতিদ্বন্দ্বিতা করবেন ছাত্রশিবিরের সাবেক সভাপতি দেলওয়ার হোসেন সাঈদী। কক্সবাজার-১ এ বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমেদের বিপরীতে দাঁড়াবেন জামায়াত নেতা আব্দুল্লাহ আল ফারুক। নরসিংদী-৫ এবং কুষ্টিয়া-৩ আসনের সম্ভাব্য প্রার্থী নিয়ে তৃণমূল পর্যায়ে আপত্তি উঠেছে। বিশেষ করে ওয়াজের বক্তা আমির হামজা সাম্প্রতিক বিতর্কিত বক্তব্যের কারণে সমালোচিত হওয়ায় তাঁর প্রার্থীতা নিয়ে অনিশ্চয়তা তৈরি হয়েছে। জামায়াতের দীর্ঘদিনের নীতিমালা অনুযায়ী শুধু দলীয় রুকনরা প্রার্থী হওয়ার যোগ্য হলেও এবারের নির্বাচনে ব্যতিক্রম ঘটতে পারে। স্থানী

৩-এর পৃষ্ঠা দেখুন

## জীবন ধারা



# বয়স্কদের সুষম খাদ্য

সূর্যোদয় প্রতিবেদন

মানুষের বয়স বাড়ার সঙ্গে সঙ্গে শরীরে নানা পরিবর্তন ঘটেড়পেশিশক্তি কমে যায়, বিপাকীয় প্রক্রিয়া শ্লথ হয়, কিডনির কার্যকারিতা হ্রাস পায়। তাই তরুণদের মতো একই ধরনের খাবার খাওয়ার পরও বয়স্কদের জন্য তা সবসময় যথোপযুক্ত হয় না। ফলে বয়সভেদে খাদ্যাভ্যাসে সচেতন সমন্বয় অপরিহার্য। বয়স বাড়লে শারীরিক পরিশ্রম কম হয়, তাই শক্তি বা ক্যালরির চাহিদাও কমে যায়। তবে ক্যালরি কমালেও পুষ্টির ঘাটতি চলবে না। এজন্য দরকার সুষম খাদ্য এবং পরিমিত ব্যায়াম। কাজ করলে ও ব্যায়ামে সক্রিয় থাকলে শরীর শুধু ক্যালরি নয়, যথেষ্ট প্রোটিন, ক্যালসিয়াম ও অন্যান্য উপাদানও ভালোভাবে কাজে লাগাতে পারে। বয়সকালে পেশি টিকিয়ে রাখতে প্রোটিন জরুরি। তবে বেশি প্রোটিন খেলে কিডনির ওপর বাড়তি চাপ পড়ে, কারণ বয়স বাড়ার সঙ্গে কিডনির কার্যক্ষমতা কমতে থাকে। তাই বয়স্কদের প্রোটিন গ্রহণ মেপে মেপে করা উচিত। ভিটামিন এ : বেশি খেলে শরীরে জমে ক্ষতি করতে পারে, তাই সীমিত মাত্রায় খাওয়া দরকার। ভিটামিন সি ও ই : বয়সজনিত ক্ষয়

৩-এর পৃষ্ঠা দেখুন




# আর কোনো নির্বাচনে আওয়ামী লীগ অংশগ্রহণ করতে পারবেনা- সারজিস

সূর্যোদয় প্রতিবেদন

বাংলাদেশে আগামী কোনো নির্বাচনে আওয়ামী লীগের অংশগ্রহণ হবে না বলে মন্তব্য করেছেন এনসিপি-এর মুখ্য সংগঠক সারজিস আলম। তিনি বলেছেন, ফ্যাসিস্ট শক্তি ও জনগণের বিপ্লবী শক্তি একসঙ্গে কোনো রাজনৈতিক প্রক্রিয়ায় থাকতে পারে না। তাই জনগণ ইতোমধ্যেই আওয়ামী লীগের রাজনৈতিক অধ্যায় সমাপ্ত করে দিয়েছে। বুধবার (২৪ সেপ্টেম্বর) দুপুরে সুনামগঞ্জে এনসিপির সমন্বয় সভা শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ দাবি জানান। সারজিস আলম বলেন, “ফ্যাসিস্ট আওয়ামী লীগের অংশগ্রহণে বাংলাদেশের আর কোনো নির্বাচন হবে না। দল হিসেবে আওয়ামী লীগকে নিষিদ্ধ হতে হবে। পৃথিবীর কোথাও বিপ্লবী ও পরাজিত ফ্যাসিস্ট একসঙ্গে রাজনীতি করতে পারে না। হয় বিপ্লবীরা থাকবে নয়তো ফ্যাসিস্ট। এক কথায় ৫ আগস্টে বাংলাদেশের জনগণ

৩-এর পৃষ্ঠা দেখুন



# সিপিবির সভাপতি সাজ্জাদ, সাধারণ সম্পাদক রতন

সূর্যোদয় প্রতিবেদন

বাংলাদেশের কমিউনিস্ট পার্টির (সিপিবি) নতুন কমিটিতে সভাপতি হয়েছেন কাজী সাজ্জাদ জহির চন্দন ও আবদুল্লাহ ক্বাফী রতন নির্বাচিত হয়েছেন সাধারণ সম্পাদক। সিপিবির ত্রয়োদশ কংগ্রেস শেষে বুধবার (২৪ সেপ্টেম্বর) ৪৩ সদস্যের নতুন কেন্দ্রীয় কমিটি ঘোষণা করা হয়। এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, ত্রয়োদশ কংগ্রেসে নির্বাচিত কমিটির প্রথম সভা আজ রাজধানীর পুরানা পল্টনের মুক্তি ভবনে অনুষ্ঠিত হয়েছে। সভায় নির্বাচিত সভাপতিমণ্ডলীর অন্য সদস্যরা হলেন মুজাহিদুল

৩-এর পৃষ্ঠা দেখুন




# নভেম্বরে চালু হচ্ছে প্রবাসীদের ভোটের অ্যাপ ‘ভোট বিডি’

সূর্যোদয় প্রতিবেদন

প্রবাসী বাংলাদেশিদের জন্য বিশেষভাবে তৈরি মোবাইল অ্যাপ ‘ভোট বিডি’ আগামী নভেম্বরের তৃতীয় সপ্তাহে উদ্বোধন করা হবে। নির্বাচন কমিশনার (ইসি) ব্রিগেডিয়ার জেনারেল (অব.) আবুল ফজল মো. সানাউল্লাহ এ তথ্য জানিয়েছেন। বুধবার (২৪ সেপ্টেম্বর) নির্বাচন কমিশনে বাংলাদেশ হাইকমিশন, লন্ডন ও লন্ডন প্রবাসী বাংলাদেশিদের সঙ্গে আউট অব কান্ট্রি ভোটিং নিয়ে মতবিনিময় সভা শেষে তিনি বলেন, “শুরুটা যত ছোটই হোক না কেন, আমাদের এগোতে হবে। আমরা চাই প্রবাসীরা শুধু আজ নয়, ভবিষ্যতেও আমাদের সঙ্গে থাকবেন। যেন শুরুতেই ব্যর্থ না হই।” সানাউল্লাহ জানান, নভেম্বর নাগাদ অ্যাপটি আনুষ্ঠানিকভাবে প্রবাসীদের সামনে উপস্থাপন করা হবে। তবে প্রবাসীদের পোস্টাল ব্যালটে ভোট দেওয়ার ক্ষেত্রে দুটি বড়

৩-এর পৃষ্ঠা দেখুন

# ১৩৩ ধাপ উন্নতি সাইফের, শীর্ষ দশে মোস্তাফিজ

সূর্যোদয় প্রতিবেদন

আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিলের (আইসিসি) সদ্য প্রকাশিত টি-টোয়েন্টি র‍্যাংকিংয়ে বড় অর্জন করেছে বাংলাদেশ। ব্যাটারদের তালিকায় তরুণ সাইফ হাসান এক লাফে ১৩৩ ধাপ এগিয়েছেন। অন্যদিকে বোলারদের তালিকায় দুর্দান্ত পারফরম্যান্সের কারণে মোস্তাফিজুর রহমান উঠে গেছেন শীর্ষ দশে। বুধবার (২৪ সেপ্টেম্বর) প্রকাশিত আইসিসির সাপ্তাহিক হালনাগাদে এ তথ্য উঠে আসে। এশিয়া কাপে গ্রুপ পর্বের শেষ ম্যাচে আফগানিস্তানের বিপক্ষে সুযোগ পান সাইফ হাসান। সেই ম্যাচে ২৮ বলে ৩০ রান করার পর সুপার ফোরে শ্রীলঙ্কার বিপক্ষে খেলেন দারুণ এক ইনিংস। ২টি চার ও ৪টি ছক্কায় ৪৫ বলে ৬১ রানের ম্যাচজয়ী ইনিংসে ভর করে তিনি র‍্যাংকিংয়ে ১৩৩ ধাপ

৩-এর পৃষ্ঠা দেখুন



# রক্তের দাগ এখনো শুকায়নি, আ.লীগের সাথে কোনো আঁতাত নেই: রিজভী

সূর্যোদয় প্রতিবেদন

বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব অ্যাডভোকেট রুহুল কবির রিজভী বলেছেন, দেশের টাকা লুটপাট ও পাচার করে আওয়ামী লীগের নেতারা এমন ব্যবস্থা করেছে যে, শেখ হাসিনার আত্মীয়-স্বজন ও মন্ত্রী-এমপিদের কমপক্ষে ২০ প্রজন্ম বিদেশে সুখে শান্তিতে বসবাস করতে পারবে। তিনি অভিযোগ করেন, ক্ষমতায় টিকে থাকার জন্য আওয়ামী লীগ মানুষ খুন করেছে, ছাত্র খুন করেছে, শিশু খুন করেছেড় সেই রক্তের দাগ এখনো শুকায়নি। তাই তাদের সঙ্গে কোনো আঁতাত নেই। বুধবার রাজধানীর শেরেবাংলা নগরে শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের মাজারে শ্রদ্ধা নিবেদন শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এসব কথা বলেন। এ কর্মসূচির আয়োজন করে বরগুনা ও পিরোজপুর জেলা বিএনপির আহ্বায়ক কমিটি। রিজভী

৩-এর পৃষ্ঠা দেখুন

# যে কারণে যুক্তরাষ্ট্র ক্রিকেটকে নির্বাসন দিলো আইসিসি

সূর্যোদয় প্রতিবেদন

লস অ্যাঞ্জেলেসে ২০২৮ অলিম্পিকের আগে বড় ধাক্কা খেলো যুক্তরাষ্ট্র ক্রিকেট। ১০০ বছর পর অলিম্পিকে জায়গা পেলেও তার আগেই আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিল (আইসিসি) দেশটিকে নির্বাসিত করেছে। মঙ্গলবার (২৩ সেপ্টেম্বর) দুবাইয়ে অনুষ্ঠিত বোর্ড মিটিংয়ে এই সিদ্ধান্ত নেয় আইসিসি। সংস্থাটির অভিযোগড় নিয়ম ভেঙে নানা অনিয়ম চালিয়ে আসছিল যুক্তরাষ্ট্র ক্রিকেট। দীর্ঘ তদন্ত ও পর্যবেক্ষণের পর অবশেষে কড়া পদক্ষেপ নিলো ক্রিকেটের সর্বোচ্চ নিয়ন্ত্রক সংস্থা। গত এক বছরে মার্কিন ক্রিকেট বোর্ডের কার্যক্রমের ওপর নিবিড় নজরদারি চালায় আইসিসি। বারবার সতর্কবার্তা দেওয়ার পরও কোনো সংস্কার হয়নি। শাসনব্যবস্থা দুর্বল, সাংগঠনিক কাঠামো ভঙ্গুর এবং দেশের অলিম্পিক ও প্যারালিম্পিক কমিটির স্বীকৃতি পেতেও কোনো অগ্রগতি হয়নি। এমনকি ক্রিকেটের ভাবমূর্তি ক্ষুণ্ণ হয় এমন কর্মকাণ্ড একাধিকবার ঘটিয়েছে বোর্ড। ২০২৪ সালের জুলাইতেই আইসিসি আনুষ্ঠানিক নোটিশ দিয়েছিল যুক্তরাষ্ট্রকে। দেওয়া হয়েছিল ১২ মাস সময়। নিয়ম-কানুন মেনে চলা ও প্রয়োজনীয় সংস্কার বাস্তবায়নের শর্ত ছিল স্পষ্ট। তবে সময়সীমা পেরিয়ে গেলেও ইউএসএ ক্রিকেট একটি

৩-এর পৃষ্ঠা দেখুন



# ট্রাম্পের সঙ্গে আরব-মুসলিম নেতাদের বৈঠক ‘ফলপ্রসূ’: এরদোয়ান

সূর্যোদয় প্রতিবেদন

নিউইয়র্কে জাতিসংঘ সাধারণ পরিষদের ৮০তম অধিবেশনের ফাঁকে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের নেতৃত্বে আরব ও মুসলিম দেশগুলোর নেতাদের সঙ্গে অনুষ্ঠিত বৈঠককে ‘ফলপ্রসূ’ আখ্যা দিয়েছেন তুরস্কের প্রেসিডেন্ট রিসেপ তাইয়্যেপ এরদোয়ান। গাজায়

৩-এর পৃষ্ঠা দেখুন

# কানাডায় আন্তর্জাতিক শিক্ষার্থীর সংখ্যা ৭০ শতাংশ কমেছে

সূর্যোদয় প্রতিবেদন

কানাডায় নতুন আন্তর্জাতিক শিক্ষার্থীদের সংখ্যা চলতি বছরে নাটকীয়ভাবে হ্রাস পেয়েছে। ইমিগ্রেশন, রিফিউজি অ্যান্ড সিটিজেনশিপ কানাডা (আইআরসিসি) প্রকাশিত সর্বশেষ পরিসংখ্যান বলছে, ২০২৫ সালের জানুয়ারি থেকে জুন পর্যন্ত দেশটিতে ৩৬ হাজার ৪১৭টি নতুন স্টাডি পারমিট ইস্যু হয়েছে। গত বছরের একই সময়ে এই সংখ্যা ছিল ১ লাখ ২৫ হাজার ৩৪। অর্থাৎ, এক বছরে প্রায় ৮৮ হাজার ৬১৭ জন শিক্ষার্থী কম এসেছে, যা ৭০ শতাংশ হ্রাস নির্দেশ করে। এ সময়ের মধ্যে মার্চ মাসে সবচেয়ে কম শিক্ষার্থী এসেছে। ওই মাসে মাত্র ৩ হাজার ৮১৯টি স্টাডি পারমিট দেওয়া হয়, যেখানে ২০২৪ সালের মার্চে এ সংখ্যা ছিল ১৬ হাজার ৮৭৫। আইআরসিসি তাদের ওয়েবসাইটে জানিয়েছে, “আমরা কানাডায় আন্তর্জাতিক শিক্ষার্থীর সংখ্যা একটি টেকসই পর্যায়ে নামিয়ে আনছি।” শিক্ষার্থীর সংখ্যা কমে যাওয়ায় শিক্ষা খাত ইতিমধ্যেই বিপর্যস্ত অবস্থায় পড়েছে। রাজস্ব হ্রাস পাওয়ায় ব্রিটিশ কলাম্বিয়ার একটি বিশ্ববিদ্যালয় সম্প্রতি আবারও কর্মী ছাঁটাইয়ের ঘোষণা দিয়েছে। শুধু শিক্ষার্থী নয়, ওয়ার্ক পারমিটের ক্ষেত্রেও উল্লেখযোগ্য হ্রাস দেখা যাচ্ছে। ২০২৪ সালের জানুয়ারি-জুন

৩-এর পৃষ্ঠা দেখুন



# গাজাগামী সুমুদ ফ্লোটিলার নৌবহরে একাধিক ড্রোন বিস্ফোরণ

সূর্যোদয় প্রতিবেদন

ফিলিস্তিনের অবরুদ্ধ গাজার দিকে যাত্রা করা গ্রিসের উপকূলে অবস্থিত সাহায্যকারী নৌযানগুলোর কাছাকাছি মঙ্গলবার (২৩ সেপ্টেম্বর) গভীর রাতে একাধিক ড্রোন বিস্ফোরণের শব্দ শোনা গেছে। ত্রাণ বহরের আয়োজক ও ফিলিস্তিনিপন্থী কর্মীরা জানিয়েছেন, এ সময় আকাশে

৩-এর পৃষ্ঠা দেখুন

## প্রযুক্তি

# চাঁদে আঘাত ঠেকাতে গ্রহাণু ধ্বংসের পরিকল্পনা

সূর্যোদয় প্রতিবেদন

২০২৪ ওয়াইআর৪ নামের একটি গ্রহাণু ২০৩২ সালে চাঁদের সঙ্গে সংঘর্ষে জড়াতে পারে বলে সতর্ক করছেন বিজ্ঞানীরা। আকারে প্রায় ৬০ মিটার চওড়া এই গ্রহাণু পৃথিবীর জন্য সরাসরি বড় হুমকি নয়। তবে চাঁদে আঘাত হানলে মহাকাশে গুরুতর সমস্যা তৈরি হতে পারে। বিশেষজ্ঞদের মতে, চাঁদে ধাক্কা লাগলে বিপুল পরিমাণ ধ্বংসাবশেষ ছড়িয়ে পড়বে। এতে উপগ্রহ, আন্তর্জাতিক মহাকাশ স্টেশন এবং পৃথিবীর মহাকাশ-সম্পদ ঝুঁকিতে পড়বে। এমনকি পৃথিবী থেকে দৃশ্যমান উল্কাবৃষ্টির মতো দৃশ্যও দেখা যেতে পারে। নাসার গডার্ড স্পেস ফ্লাইট সেন্টারের বিজ্ঞানী ব্রেন্ট বারবি নেতৃত্বাধীন একটি দল বিষয়টি নিয়ে গবেষণা করছে। তাদের মতে, প্রচলিত



পরিকল্পনা অনুযায়ী গ্রহাণুর কক্ষপথ পরিবর্তনের চেষ্টা করলে উল্টো সেটি পৃথিবীর দিকেও আসতে পারে। তাছাড়া এর ভর ও গঠন সম্পর্কে স্পষ্ট

৩-এর পৃষ্ঠা দেখুন

মায়ের হাসি ক্লিনিক
ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব
মোতাছিম বিল্লাহ মতু’র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর।
পরীক্ষাসমূহ ✓ই.সি.জি (কম্পিউটারাইজড) ✓এক্স-রে ✓আল্ট্রাসনোগ্রাফি ✓হরমন এনালাইসিস ✓সকল প্রকার প্যাথলজি পরীক্ষা ✓মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন ✓আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা
সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫
মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১
নিয়মিত রোগী দেখেন
শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ
ডাঃ এম.র. মালিক
এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অস্ট্রেলিয়া) সিসিড, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল
রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
ডাঃ কানিজ নাঈমা
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা। (শুক্রবার ব্যাতিত)
প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট
ডাঃ রুমানা হেলালী (জুসি)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।
মেডিকেল প্রাক্তিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ
ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন
এমবিবিএস(ডিইউ)
আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।
মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট
ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ
এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও
রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা

হৃদ রোগ, মেডিসিন এবং ডায়াবেটিক রোগ বিশেষজ্ঞ
এম.বি.বি.এস (ডি.ইউ) বি.সি.এস (স্বাস্থ্য), ডি-কার্ড কার্ডিওলজি), এফ.সি.পি.এস মেডিসিন). সি.সি.ডি (বারডেম) এক্স রেসিডেন্ট, কার্ডিওলজি বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল। মেডিকেল অফিসার, জেনারেল হাসপাতাল, মেহেরপুর।



ডাঃ মোঃ শাহিনুর রশিদ
চিকিৎসা সেবা সমূহ
• হৃদরোগ (হার্টের সমস্যা)• হার্ট এ্যাটাক/হার্ট ফেলিউর □ হৃদরোগ জনিত শ্বাসকষ্ট বুক ধড়ফড় করা, • হার্টের ভাল্বের সমস্যা • জন্মগত হার্টের ছিদ্র □ এ্যাজমা ও শ্বাসকষ্ট - বক্ষব্যাধি • ডায়াবেটিস • বাতব্যথা বাতজ্বর • কিডনী রোগ • প্রেসার (উচ্চ রক্তচাপ)• রক্তের কলেস্টেরল বৃদ্ধি • লিভার ও পরিপাকতন্ত্রের রোগ • জ্বর (দীর্ঘ কালীন)
নিয়মিত রোগী দেখছেন ও ইকোকার্ডিওগ্রাফি করছেন শনি থেকে বুধবার বিকাল ৩টা থেকে রাত ৮টা পর্যন্ত।
রাবেয়া মেডিকেল সার্ভিসেস, হাসপাতাল গেট, মেহেরপুর
সিরিয়ালের জন্য যোগাযোগরিসিপশন: 01754974466, 01724-787313
মার্কেটিং: 01304-100307, 1304-100308

কুদরত-ই-খুদা ক্লিনিক এন্ড ল্যাব
আসিফ প্লাজা (২য় ও ৩য় তলা), মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সামনে, কেদারগঞ্জ বাজার, মুজিবনগর, মেহেরপুর।
সিরিয়ালের : ০১৭৫৭-৮২৮২৭৮
উরোলজি বিশেষজ্ঞ
ডা. আ. ফ. ম. মুনতাহী রেজা
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস (ইউরোলজি), এমএস (ইউরোলজি)
কিডনি, মূত্রথলী, মূত্রনালী, প্রোস্টেট, অণ্ডকোষ, পুরুষ প্রজননতন্ত্র ও ফিমেল ইউরোলজির রোগের বিশেষজ্ঞ চিকিৎসা ও সার্জারি।
রোগী দেখেন: শনিবার ও রবিবার (দুপুর ২টা – রাত ৮টা পর্যন্ত)।
মেডিসিন বিশেষজ্ঞ
ডা. মো. আতিকুর রহমান
এমবিবিএস (ডিএমসি), বিসিএস (স্বাস্থ্য), সিসিডি (বারডেম), এমআরসিপি (ইউকে, পার্ট-১), এফসিপিএস (মেডিসিন) শেষ পর্ব, সহকারী রেজিস্ট্রার, কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল
চিকিৎসা দিচ্ছেন: স্ট্রোক, হৃদরোগ, ডায়াবেটিস, বাতব্যথা, বক্ষব্যাধি, হাঁপানি, যক্ষা, লিভার ও রক্তের রোগ, মানসিক রোগ, কিডনি রোগ, গ্যাস্টিক, উচ্চ রক্তচাপ, জন্ডিস, ফ্যাটি লিভারসহ সব ধরনের মেডিসিন সমস্যায়।
রোগী দেখেন: প্রতি মঙ্গলবার (দুপুর ২টা – রাত ৮টা পর্যন্ত)।
নিউরোসার্জন (মুজিবনগরে প্রথম)
ডা. মো. মোক্তাদ্বিরুউল বাশার
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য),এমএস রেসিডেন্ট, নিউরোসার্জারি (ব্রেইন, নার্ভ, স্পাইন, পেইন), স্পেশাল ট্রেনিং ইন পেইন ম্যানেজমেন্ট, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতা।
ব্রেইন, নার্ভ ও স্পাইন সম্পর্কিত রোগ ও ব্যথার বিশেষজ্ঞ চিকিৎসা।
রোগী দেখেন: প্রতি শুক্রবার (দুপুর ২টা – সন্ধ্যা ৬টা পর্যন্ত)।
সিরিয়ালের : ০১৭৫৭-৮২৮২৭৮
সব ধরনের অপারেশন করা হয়: হার্নিয়া, জরায়ু, পিত্তথলির পাথর, সিজার, অ্যাপেনডিক্স, অর্শ/পাইলস ইত্যাদি।
ডা. মাহাবুব আলম বিপ্লব(সহকারী অধ্যাপক) , ডা. হাসানুজ্জামান নুপুর (বিশেষজ্ঞ সার্জন), ডা. রিচার্ড সরেন (পি.জি.টি সার্জন)
আধুনিক সুবিধাসম্পন্ন কুদরত-ই-খুদা ক্লিনিক এন্ড ল্যাব-এ অভিজ্ঞ বিশেষজ্ঞ ডাক্তারদের তত্ত্বাবধানে উন্নত চিকিৎসা সেবা পাওয়া যাচ্ছে।

ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

মেহেরপুর, বৃহস্পতিবার, ২৫ সেপ্টেম্বর ২০২৫ ইং

## জবাবদিহি চাই, হয়রানি নয়

মেহেরপুর-চুয়াডাঙ্গা ডিলাক্স কাউন্টারের সামনে জাতীয় দৈনিক জবাবদিহি পত্রিকার সম্পাদক আক্তার হোসেন রিন্টুর সঙ্গে ঘটিত ঘটনা গভীর উদ্বেগজনক। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক বিদ্যুৎ বিহারি নাথের বিরুদ্ধে যে অভিযোগ উঠেছেড় অযথা হয়রানি, পরিচয়পত্র প্রদর্শনে ব্যর্থতা এবং সাধারণ নাগরিককে শারীরিকভাবে হেনস্তা তা কেবল ব্যক্তি বিশেষকে নয়, পুরো বাহিনীর ভাবমূর্তিকে প্রশ্নবিদ্ধ করছে।আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর যে কোনো সদস্য দায়িত্ব পালনের সময় অবশ্যই আইনসম্মত প্রক্রিয়া অনুসরণ করবেন। সন্দেহজনক তল্লাশি বৈধ অধিকার হলেও, তা কোনো অবস্থাতেই নির্জন স্থানে গোপনে, পরিচয়পত্র ছাড়া বা শারীরিক হেনস্তার মাধ্যমে হতে পারে না। এমন আচরণ জনমনে ভয় ও ক্ষোভ সৃষ্টি করে, যা কখনোই কাম্য নয়। এই ঘটনায় জনতার তৎপরতা ও সাংবাদিকের দৃঢ় অবস্থানই প্রকৃত সত্য উন্মোচনে সহায়তা করেছে। কিন্তু প্রশ্ন থেকে যায় যদি ঘটনাস্থলে সাধারণ মানুষ জড়ো না হতো, তাহলে কী ঘটত? সংশ্লিষ্ট কর্তৃপক্ষের উচিত দ্রুত নিরপেক্ষ তদন্ত করে প্রকৃত তথ্য উদঘাটন করা এবং প্রমাণিত হলে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে যথাযথ শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া। একই সঙ্গে ভবিষ্যতে এ ধরনের অপব্যবহার রোধে মাঠ পর্যায়ের কর্মকর্তাদের জবাবদিহি নিশ্চিত করা জরুরি। আইনের নামে হয়রানি কখনোই গ্রহণযোগ্য নয়। রাষ্ট্রীয় বাহিনীর শক্তি ও মর্যাদা রক্ষিত হবে তখনই, যখন তারা ন্যায়, স্বচ্ছতা ও মানবিকতার মানদণ্ডে নিজেদের প্রতিষ্ঠিত করতে পারবে। সাংবাদিক, নাগরিক কিংবা যে কোনো ব্যক্তিড়সবাই ন্যায়সঙ্গত ও মর্যাদাপূর্ণ আচরণের অধিকারী। তাই এ ঘটনার সঠিক তদন্ত ও কার্যকর পদক্ষেপ এখন সময়ের দাবি।

## মুজিবনগরে ‘প্রতিজন এক গাছ’

(প্রথম পৃষ্টার পর)

আরিফ হোসেন, মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি ওমর ফারুক প্রিন্স, বীর মুক্তিযোদ্ধা আহসান আলী খান, মুজিবনগর উপজেলা ইমাম সমিতির সভাপতি তৌহিদুল ইসলাম, মুজিবনগর ডিগ্রি কলেজের অধ্যক্ষ ইসমাইল হোসেন, গোপালনগর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক জহিরুল ইসলাম ও ভবানীপুর প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আমিনুর রহমান। অনুষ্ঠানের শুরুতে একাডেমির সুপারভাইজার হাসনাইন করিমের সঞ্চালনায় মুজিবনগরের বিভিন্ন ভিডিওচিত্র প্রদর্শন করেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাজমুস সাদাত রত্ন।

## আগামী নির্বাচন হবে গণতন্ত্রের নতুন

(প্রথম পৃষ্টার পর)

বাংলাদেশের ভবিষ্যত নির্ধারণে একটি ভিত্তিমূলক ঘটনা হবে, যা দেশের গণতন্ত্রকে দৃঢ়ভাবে এগিয়ে নেবে।’ অধ্যাপক ইউনূস প্যারিস ২০২৪ অলিম্পিককে সামাজিক ব্যবসায় উদ্যোগ রূপান্তর করতে নেতৃত্ব দেন। প্রধান উপদেষ্টা ভবিষ্যতে অনুষ্ঠিত সকল অলিম্পিক-বিশেষত আসন্ন লস অ্যাঞ্জেলেস অলিম্পিক কার্বন নিরপেক্ষ করার ওপর জোর দেন। মেয়র হিদালগো এই সঙ্কটময় সময়ে অধ্যাপক ইউনূসের নেতৃত্বে পূর্ণ আস্থা প্রকাশ করে বলেন, ‘আমি আপনার নেতৃত্বকে গভীরভাবে সম্মান করি। আপনি অসাধারণ কাজ করেছেন এবং আপনার অঙ্গীকার মানবতার জন্য এক অনন্য দৃষ্টান্ত স্থাপন করেছে।’ উভয় নেতা রোহিঙ্গা শরণার্থীদের জন্য তহবিল বৃদ্ধির জরুরি প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ করেন। বিশেষ করে বাংলাদেশের দক্ষিণ পূর্ব অঞ্চলে অবস্থিত শরণার্থী শিবিরে বসবাসরত এক মিলিয়নের বেশি মানুষের জীবনমান উন্নয়নের আহ্বান জানান। মেয়র হিদালগো আশা প্রকাশ করেন যে একদিন রোহিঙ্গারা নিরাপদ ও মর্যাদাসহ তাদের মাতৃভূমি মিয়ানমারে ফিরে যেতে পারবেন। অধ্যাপক ইউনূস উল্লেখ করেন, ‘জাতিসঙ্ঘ আগামী সপ্তাহে রোহিঙ্গা সঙ্কট নিয়ে একটি আন্তর্জাতিক সম্মেলন আয়োজন করছে, যার উদ্দেশ্য হলো বৈশ্বিক মনোযোগ পুনরুজ্জীবিত করা এবং এর একটি স্থায়ী সমাধান খোঁজা।’ তিনি মেয়র হিদালগোকে সুবিধাজনক সময়ে বাংলাদেশ সফরের জন্য আন্তরিক আমন্ত্রণ জানান, যা দু’দেশের মধ্যে মানবিক ও সামাজিক ব্যবসায়িক সহযোগিতাকে আরও শক্তিশালী করবে। বৈঠকে এসডিজি বিষয়ক মুখ্য সমন্বয়ক লামিয়া মোরশেদ উপস্থিত ছিলেন।

## বিএনপিতে কোন চাঁদাবাজের স্থান

(প্রথম পৃষ্টার পর)

শারদীয় দুর্গাপূজা শান্তিপূর্ণ ও নির্বিঘ্নে পালনের প্রস্তুতিসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ মন্তব্য করেন। তিনি হিন্দু সম্প্রদায়কে উদ্দেশ্য করে আরও বলেন, বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান বলেছেন, আপনাদের সাথে আমাদের সম্প্রীতির বন্ধন তৈরি করতে বলেছেন। ভায়ের সাথে ভায়ের অথবা ভাইয়ের সাথে বোনের যেমন বন্ধন হয়, ঠিক তেমন বন্ধন আমরাও সৃষ্টি করতে চাই। আমরা এ বন্ধন শুধু ভোট নেওয়ার জন্য নয়, আমরা সবাই এই মাটির মানুষ। আমরা একসাথে বসবাস করবো কোন রকম হানাহানি ছাড়াই। আর যেসব হিন্দু ফ্যাসিস্ট সরকারের সাথে সংযুক্ত হয়েছেন, তাদের বিচার আইনের মাধ্যমে হবে। আইন কেউ নিজ হাতে তুলে নেবে না। তিনি আরও বলেন, মেহেরপুর জেলা বিএনপি থেকে পূজা মনিটরিং সেল হবে। আমরা সেই সব ভলান্টিয়ারদের আপনাদের সাথে একত্রিত করবো, তারা সর্বক্ষণ আপনাদেরও সহযোগিতা করবে। আসন্ন শারদীয় দুর্গাপূজা শান্তিপূর্ণ ও নির্বিঘ্নে পালনে সর্বোচ্চ সহযোগিতা করতে প্রস্তুত রয়েছে মেহেরপুর জেলা বিএনপি। দলের ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের নির্দেশনা বাস্তবায়নে এ উপলক্ষে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে। প্রস্তুতিসভায় মেহেরপুর জেলা বিএনপির কার্যালয়ে এ সভার আয়োজন করা হয়। সভায় সভাপতিত্ব করেন জেলা বিএনপির সাবেক সহ-সভাপতি আনছারুল হক। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান। অনুষ্ঠানে সঞ্চালনা করেন মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম। সভায় আরও উপস্থিত ছিলেন জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সাবেক সদস্য আলমগীর খান ছাতু, আবু সালেহ নাসিম, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক ওমর ফারুক লিটন, সদর উপজেলা বিএনপির সভাপতি অধ্যাপক ফয়েজ মোহাম্মদ, পৌর বিএনপির সভাপতি আব্দুল লতিফ বিশ্বাস ও সাধারণ সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনা। অন্যদিকে পূজা উদযাপন পরিষদসহ সনাতন ধর্মাবলম্বী বিভিন্ন সংগঠনের মধ্যে উপস্থিত ছিলেন বাংলাদেশ পূজা উদযাপন পরিষদ মেহেরপুরের আহ্বায়ক সঞ্জীত পাল বাপ্পি, বাংলাদেশ হিন্দু-খ্রিস্টান ঐক্য পরিষদের জেলা আহ্বায়ক মাধব চন্দ্র ভাস্কর এবং পৌর পূজা উদযাপন পরিষদের সভাপতি বিশ্বনাথ সাহা। এছাড়াও জেলা ও উপজেলা পর্যায়ের মন্দির কমিটির নেতারাও মতবিনিময়ে অংশগ্রহণ করেন।

## গাংনীতে গৃহবধূর ঝুলন্ত মরদেহ

(প্রথম পৃষ্টার পর)

কাটাকাটি হয়। তখন টলি আত্মহত্যার হুমকি দিয়েছিল। পরদিনই সে এমন ঘটনা ঘটিয়েছে। গাংনী থানা পুলিশের ভবানীপুর পুলিশ ক্যাম্পের ইনচার্জ এসআই আব্দুল করিম বলেন, সংবাদ পেয়ে ঘটনাস্থল থেকে মরদেহ উদ্ধার করা হয়েছে। প্রাথমিক তদন্ত শেষে টলি খাতুনের মরদেহ ময়নাতদন্তের জন্য মেহেরপুর জেনারেল হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে। ময়নাতদন্তের রিপোর্ট হাতে এলে মৃত্যুর সঠিক কারণ জানা যাবে। তিনি আরও জানান, নিহতের পরিবারের পক্ষ থেকে মামলা দায়েরের প্রস্তুতি চলছে। পুলিশ ঘটনাটি খতিয়ে দেখছে এবং রিপোর্টের ভিত্তিতে পরবর্তী আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

## তাজউদ্দিন খান

(প্রথম পৃষ্টার পর)

হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা আমির ও মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য পদপ্রার্থী মাওলানা তাজউদ্দিন খান। তিনি বলেন, “অতীতে আপনাদের সাথে সরাসরি মতবিনিময়ের সুযোগ হয়নি। এখন প্রতিটি অনুষ্ঠানে আমাদের সঙ্গে সরাসরি অংশগ্রহণ থাকবে। পুজামণ্ডপের নিরাপত্তা নিশ্চিত করতে মেহেরপুর জেলা জামায়েত সর্বদা প্রস্তুত। আপনারা ডাকলেই আমরা সাড়া দেব। যেসব মন্দির সংস্কারের প্রয়োজন, সেগুলোর জন্য প্রশাসনের সঙ্গে আমরা সহযোগিতা করব। কোন জায়গায় মন্দির ভেঙ্গে গেলে তার প্রথম দায় আমাদের।” তিনি আরও বলেন, “যে ব্যক্তি নিজের মাতৃভূমিকে ভালোবাসে, সে অন্য ধর্মের মায়েরও মর্যাদা বোঝে। আমরা আমাদের ভাই-বোনদের তাদের ধর্মপ্রতি শ্রদ্ধাশীল হতে শিক্ষা দেই, তাই অন্য ধর্মের মানুষদের সম্মান করাই আমাদের দায়িত্ব। আমরা সবাই বাংলাদেশি এবং সকলের অধিকার সমান।”সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা জামায়াতের নায়েবে আমির মাহবুবুল আলম, জেলা সেক্রেটারি ইকবাল হোসেন, মেহেরপুর সদর উপজেলা জামায়াতের আমির মাওলানা সোহেল রানা, উপজেলা সাধারণ সম্পাদক জাব্বারুল ইসলাম মাস্টার এবং পৌর জামায়াতের আমির সোহেল রানা ডলার। অন্যদিকে, পূজা উদযাপন পরিষদসহ বিভিন্ন সনাতন ধর্মাবলম্বী সংগঠনের নেতৃবৃন্দও সভায় অংশগ্রহণ করেন। উপস্থিত ছিলেন বাংলাদেশ হিন্দু-খ্রিস্টান ঐক্য পরিষদের জেলা আহ্বায়ক মাধব চন্দ্র ভাস্কর এবং পৌর পূজা উদযাপন পরিষদের সভাপতি বিশ্বনাথ সাহা। এছাড়াও জেলা ও উপজেলা পর্যায়ের মন্দির কমিটির নেতারা সভায় উপস্থিত ছিলেন। সভায় বক্তারা আসন্ন দুর্গাপূজা শান্তিপূর্ণ, নিরাপদ ও সৌহার্দ্যপূর্ণভাবে উদযাপনের গুরুত্বে গুরুত্বারোপ করেন। তারা সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষায় পারস্পরিক সহযোগিতা ও একে অপরের প্রতি শ্রদ্ধাশীল থাকার ওপর বিশেষ জোর দেন।

# ফরিদা পারভীন : ভাবসঙ্গীত নক্ষত্রের চির বিদায়

মোঃ জাহিদুল ইসলাম



পারে লয়ে যাও আমায়, আমি অপার হয়ে বসে আছি ওহে দয়াময়।। - রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ২০০৩ সালে সুবর্ণ জয়ন্তী উদযাপনের সমাপনীতে এই বিশ্ববিদ্যালয়ের?ই প্রাক্তন শিক্ষার্থী ফরিদা পারভীন গানের এই লাইনটি দিয়ে যখন শুরু করলেন তখন উপস্থিত কয়েক হাজার দর্শক - শ্রোতা সুরের মূর্ছনায় বিমোহিত হয়ে গেলেন। সাথে আব্দুল হাকিমের বাঁশির সুর এবং ঘটি বাবুর তবলার বাজনায় দর্শক লালন কন্যার গা?নে ডুবে গেলেন। গত ১৩ সেপ্টেম্বর ২০২৫ তারিখে উক্ত গানের কথাটাকেই সত্য প্রমাণ করে দীর্ঘ প্রতীক্ষার অবসান ঘটিয়ে শিল্পী না ফেরার দেশে পাড়ি দিলেন।

মঞ্চে গান গাওয়ার সময় তিনি দর্শকদের সহিত সুন্দর আন্তঃসংযোগ সম্পর্ক তৈরি করে ফেলতে পারতেন। গানের মাঝে মাঝে গানের কথাগুলোর ভাবার্থ ব্যাখ্যা করতেন। দর্শক - শ্রোতা মন্ত্রমুগ্ধের মত দাঁড়িয়ে থেকে, বসে গান শুনতেন। শিল্পী লালন সংগীতকে তার সুর, গায়কী, উচ্চারণ, ভঙ্গি এর সাথে বাঁশির সুরের মিশ্রণে অন্যরকম একটা উঁচু মাত্রায় নিয়ে গিয়েছিলেন। যখন হাইস্কুলে পড়তাম আমাদের স্কুলের শিক্ষার্থী (জোড়পুকুর) লালন সংগীত শিল্পী (খুলনা বেতার) সুমী শবনমের কণ্ঠে নিয়মিত লালন সংগীত শোনা হতো। শুনে নিজের মধ্যে যে আলোড়ন তৈরি হতো সেটা অন্য সংগীতের বেলায় ঘটতো না। পরবর্তীতে কলেজে থাকতে (কুষ্টিয়া সরকারি কলেজ) অনেক বাউল সংগীতের কণ্ঠে লালনের গান শোনা হয়েছে। লালনের গানে সব সময়?ই মনে হতো একটা গভীর অর্থ ও ভাব বহন করছে কিন্তু তার মর্মার্থ পুরোপুরি বুঝতে পারতাম না। মেহেরপুর, কুষ্টিয়া, রাজশাহী, ঢাকার বিভিন্ন মঞ্চে, অনুষ্ঠানে, ঘরোয়া পরিবেশে ও মাজারে (ছেউড়িয়া) বিভিন্ন লালন সংগীত শিল্পী ও বাউলের কণ্ঠে যতবার লালন সংগীত শুনেছি ততবারই মনে হয়েছে এটা শুধুমাত্র গান নয় জীবনকে অন্তর দিয়ে উপলব্ধি করার একটা মাধ্যম। ২০০৩ সালের সুবর্ণ জয়ন্তীর ওই অনুষ্ঠানের আগে এবং পরে ফরিদা পারভীনের কণ্ঠে বেশ কয়েকবার সরাসরি লালন সংগীত শোনার সুযোগ হয়েছিল। প্রতিবারই মনে হয়েছিল এই গানের কথাগুলোতে যে দেহতত্ত্ব, পরমাত্মা, মন ও মননের আধ্যাত্মিক চেতনা, ভাবনার কথা বুঝানো হচ্ছে সেটা আমি আর কোথাও যেয়ে পাব কি ? যেমন - বাড়ির কাছে আরশীনগর, খাঁচার ভিতর অচিন পাখি, মিলন হবে কত দিনে, সময় গেলে সাধন হবে না, পাখি কখন জানি উড়ে যায় ইত্যাদি গানগুলোতে দেহের সাথে আত্মার, মনের গভীর সম্পর্কের কথা বোঝানো হয়েছে, এই আত্মা মানুষ দেখতে পারেনা, ছুঁইতে পারে না, ধরতে পারেনা, চিনতে পারে না, বেঁধে রাখতে পারেনা, আটকিয়ে রাখতে পারেনা অথচ দেহের মাঝে বিরাজ করে। প্রশ্ন হচ্ছে এখন ফরিদা পারভীনের শূন্যস্থান কে পূরণ করবে ? আমাদের সালমা, বিউটি, সুমি শবনমরা কি পারবে লালন সংগীত কন্যার অভাব মিটাতে, দর্শক - শ্রোতার মনের খোরাক পূরণ করতে ? ফরিদা পারভীন ২০০৮ সালে জাপান সরকারের কাছ থেকে ‘ফুকুওকা এশিয়ান কালচার’ পুরস্কার লাভ করেছিলেন।

ফরিদা পারভীনের সংগীতে, বিশেষ করে লালনগীতিতে, অসামান্য অবদানের স্বীকৃতিস্বরূপ তাকে এই পুরস্কার প্রদান করা হয়। ফরিদা পারভীন ২০০১ সালে জাপানের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে লালনের গানকে পরিচিত করে তোলেন। এছাড়া সুইডেন, ডেনমার্ক, কানাডা, অস্ট্রেলিয়া, যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্যসহ পৃথিবীর বিভিন্ন দেশে তিনি তাঁর কণ্ঠ দিয়ে ছড়িয়েছেন লালনের দর্শন। তাঁর কণ্ঠে লালনের গান কেবল সংগীত নয়, হয়ে উঠেছে এক অনন্য জীবনদর্শন। আমরা চাই বৃহত্তর কুষ্টিয়া জেলা সমিতি, সংস্কৃতি মন্ত্রণালয়, বাংলাদেশ সরকার বিভিন্নভাবে উনার স্মৃতিকে যেন ধরে রাখে ও সংরক্ষণ করেন, উনার উপর নিয়মিত গবেষণা কার্যক্রম পরিচালনা করার জন্য ফান্ড অনুমোদন, পিএইচডি প্রদান, ব?ই প্রকাশ, গান সংরক্ষণ, জাদুঘর নির্মাণ, আর্কাইভ, লালন সংগীত শিল্পী তৈরির প্রকল্প গ্রহণ ইত্যাদি খুব অল্প সময়ের মধ্যেই যেন চালু করা হয়। তাহলে কিছুটা হলেও আমরা তার চলে যাওয়ার অপুরণীয় ক্ষতিটা পোষাতে পারব।(লেখক : ইনডিপেনডেন্ট রিসার্চার, ঢাকা)

# ইসলামের আলোকে দাম্পত্যের ভারসাম্য

মুহাম্মদ আল আমিন

নারীকে ঘিরে সভ্যতার ইতিহাসে রয়েছে বৈপরীত্যের দীর্ঘ গল্প। কোথাও তিনি নিছক গৃহবন্দিনী, কোথাও আবার সমাজ ও সভ্যতার নির্মাতা। ইসলাম আবির্ভাবের পর নারীরা পেলেন নতুন মর্যাদাড় অবহেলার শৃঙ্খল থেকে বের হয়ে হলেন সম্মানিত সহচর। হযরত খদিজা (রা.) এর ব্যবসায়িক সাফল্য কিংবা উহুদের প্রান্তরে নুসাইবা বিনতে কাব (রা.) এর সাহস মনে করিয়ে দেয়, নারী শুধু গৃহের আড়ালেই নন, সমাজ ও ইতিহাসের অগ্রভাগেও ছিলেন দীপ্ত। তবে ইসলাম নারীর ওপর সংসারের দায়ভার চাপিয়ে দেয়নি। কুরআনে বলা হয়েছেড় “পুরুষেরা নারীদের দায়িত্বশীলৃ কারণ তারা তাদের ধন-সম্পদ ব্যয় করে থাকে।” (সূরা নিসা, ৩৪)। অর্থাৎ সংসারের ভরণপোষণ পুরুষের দায়িত্ব। স্ত্রী যদি কাজ করেন, তা হবে তাঁর ইচ্ছায়; উপার্জন তাঁর ব্যক্তিগত অধিকার। কিন্তু বাস্তবতা অনেক ভিন্ন। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর তথ্যমতে, শ্রমশক্তির এক-তৃতীয়াংশ নারী। তারা ব্যাংক-বীমা, শিক্ষা, স্বাস্থ্য কিংবা শিল্প-কারখানায় সক্রিয়ভাবে অবদান রাখছেন। অনেক পরিবারে নারীর আয় হচ্ছে টিকে থাকার ভরসা। কিন্তু বেশির ভাগ ক্ষেত্রেই তা স্বেচ্ছায় নয়, বরং পারিবারিক চাপের কারণে। ফলে চাকরি হয়ে উঠছে দায়িত্ব পালনের হাতিয়ার, ভালোবাসা নয়। এখানেই ইসলামী নীতির সঙ্গে সংঘাত কারণ ইসলাম নারীকে দেয় স্বাধীনতা, কিন্তু চাপিয়ে দেওয়া দায়ভার অনুমোদন করে না। সংসারকে যদি একটি বৃক্ষ ধরা যায়, তবে শেকড়ে জল দেন স্বামী, আর ছায়া দেন স্ত্রী। শেকড় শুকালে বৃক্ষ টেকে না, ছায়া হারালে বৃক্ষ হয়ে ওঠে নিস্তরঙ্গ। তাই দাম্পত্য টিকে থাকে ভারসাম্যেড়যেখানে দায়িত্ব পুরুষের কাঁধে, আর নারী থাকেন ভালোবাসা ও মর্যাদার আশ্রয়ে।

আজকের সমাজ নতুন করে সেই প্রশ্নের মুখোমুখি নারীর কাজের অধিকার আছে, কিন্তু তাকে কি বাধ্য করা যায়? ইসলামের উত্তর স্পষ্ট: না। স্ত্রীর চাকরি স্বেচ্ছায় হলে তা সম্মানের পথ, কিন্তু চাপিয়ে দিলে তা অশান্তির কারণ। প্রশ্ন রয়ে যায় আমরা কি আমাদের দাম্পত্যে দায়িত্ব ও ভালোবাসার ভারসাম্য রক্ষা করছি?

## বুড়িপোতা ইউনিয়নের গোল্ডকাপ

(প্রথম পৃষ্টার পর)

৬ নম্বর ওয়ার্ড একাদশকে ২-০ গোলে পরাজিত করে। খেলায় প্রথমার্ধের ১৩ মিনিটে পারভেজ এবং দ্বিতীয়ার্ধের ১১ মিনিটে খালিদ এক একটি গোল করেন।

বুড়িপোতা ইউনিয়নের ভারপ্রাপ্ত চেয়ারম্যান ইসমাইল হোসেন খেলায় শুরুর আগে খেলোয়াড়দের সঙ্গে পরিচিত হন। এ সময় ইউপি সদস্য সার্থক আলি, চঞ্চল মিয়া, আলমগীর হোসেন লালটু ও শাহাদাত হোসেন প্রমুখ উপস্থিত ছিলেন।

## লাদাখে বিজেপি কার্যালয়ের সামনে

(প্রথম পৃষ্টার পর)

করতে পুলিশ এগিয়ে এলে পরিস্থিতি নিয়ন্ত্রণের বাইরে চলে যায়। সংঘর্ষে পাথর নিক্ষেপ, ধস্তাধস্তি ও গাড়িতে অগ্নিসংযোগের ঘটনাও ঘটে। পুলিশ বিক্ষোভকারীদের ছত্রভঙ্গ করতে টিয়ারগ্যাস ব্যবহার করে। এখন পর্যন্ত পুলিশের পক্ষ থেকে সহিংসতার কারণ নিয়ে কোনো আনুষ্ঠানিক বিবৃতি দেওয়া হয়নি। লাদাখ অ্যাপেক্স বডি হলো অঞ্চলের বিভিন্ন ধর্মীয়, সামাজিক ও রাজনৈতিক সংগঠনের সমন্বয়ে গঠিত একটি প্ল্যাটফর্ম। দীর্ঘদিন ধরে তারা লাদাখকে পৃথক রাজ্যের মর্যাদা প্রদান এবং ষষ্ঠ তফসিলের আওতায় স্বায়ত্তশাসন নিশ্চিতের দাবি জানিয়ে আসছে। এ আন্দোলনের অন্যতম মুখ বিশিষ্ট পরিবেশকর্মী সোনম ওয়াংচুক। তিনি বর্তমানে টানা পাঁচ সপ্তাহব্যাপী অনশনে রয়েছেন। আন্দোলনের অংশ হিসেবে এলএবি’র সঙ্গে যুক্ত আরও দুই কর্মীও অনশনে অংশ নেন। তাদের মধ্যে দুজনকে অনশনের ১৪তম দিনে অসুস্থ হয়ে হাসপাতালে ভর্তি করতে হয়। হাসপাতাল সূত্রে জানা গেছে, তাদের শারীরিক অবস্থা উন্নতির দিকে। সম্প্রতি কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের হাই পাওয়ারড কমিটির সঙ্গে ৬ অক্টোবরের বৈঠকের প্রস্তাব সোনম ওয়াংচুক প্রত্যাখ্যান করেছেন। তার দাবি, “ফলপ্রসূ আলোচনার উদ্যোগ না থাকলে বৈঠক অর্থহীন।” এই সহিংস বিক্ষোভ ঘটল এমন এক সময়, যখন আগামী মাসে লাদাখ অটোনমাস হিল ডেভেলপমেন্ট কাউন্সিল নির্বাচন অনুষ্ঠিত হতে যাচ্ছে। ২০২০ সালের নির্বাচনে বিজেপি জয়ী হয়েছিল। ২০১৯ সালে জম্মু-কাশ্মীর থেকে আলাদা করে লাদাখকে কেন্দ্রশাসিত অঞ্চল হিসেবে ঘোষণা করে ভারত সরকার। এদিকে, লাদাখের কারগিল অঞ্চলের কারগিল ডেমোক্রেটিক অ্যালায়েন্স বৃহস্পতিবার (২৫ সেপ্টেম্বর) এলএবি’র দাবির সমর্থনে আলাদা বন্?ধের ডাক দিয়েছে। লাদাখের রাজ্য মর্যাদার দাবিকে কেন্দ্র করে আন্দোলন নতুন মাত্রায় পৌঁছেছে, যা আসন্ন নির্বাচনে বড় ধরনের প্রভাব ফেলতে পারে বলে মনে করছেন বিশ্লেষকরা।

## গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতা

(প্রথম পৃষ্টার পর)

অনুষ্ঠিত এই অনুষ্ঠানের মূল প্রতিপাদ্য ছিল “তারুণ্যের উৎসব ২০২৫: নতুন বাংলাদেশ গড়ার লক্ষ্যে”। সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ খায়রুল ইসলাম, বিশেষ অতিথি ছিলেন সদর থানা অফিসার ইনচার্জ শেখ মেসবাহ উদ্দিন। অনুষ্ঠানটি পরিচালনা ও সভাপতিত্ব করেন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মোঃ মনিরুল ইসলাম। অনুষ্ঠানটি সকাল থেকে শুরু হয়ে দুপুর পর্যন্ত বিভিন্ন ক্রীড়া প্রতিযোগিতা নিয়ে অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতার মধ্যে ছিল দৌড়, লং জাম্প, কুস্তি, ভলিবল, ক্রিকেট এবং দলগত ফুটবল ম্যাচ। বিশেষভাবে উল্লেখযোগ্য, মেয়েদের ১০০ মিটার দৌড়ে সোনালী মেডেল জিতেছে মেহেরপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের রিনা আক্তার, এবং ছেলেদের ফুটবল টুর্নামেন্টে চ্যাম্পিয়ন হয়েছে গোবীপুর মাধ্যমিক বিদ্যালয় দল। মেয়েদের ফুটবলে মেহেরপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় সদর চ্যাম্পিয়ন হয়েছে। নির্ধারিত সময় খেলাটি গোলশূন্যভাবে শেষ হওয়ায় টাইব্রেকারের আশ্রয় নিতে হয়। টাইব্রেকারে সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের পক্ষে খাদিজাতুল কোবরা এবং সুবর্ণা একটি করে গোল করেন। আমঝুপির লামিয়া দলের পক্ষে একটি গোল করেন। ছেলেদের ফুটবলে যাদুখালি স্কুল এন্ড কলেজ সদর উপজেলা পর্যায়ে চ্যাম্পিয়ন হয়েছে।খেলায় যাদুখালি স্কুল এন্ড কলেজ ২-০ গেলে মেহেরপুর সরকারি বালক উচ্চ বিদ্যালয়কে পরাজিত করে। এছাড়া বেলস, ব্যাডমিন্টন এবং টেবিল টেনিসে বিজয়ী হিসেবে স্বীকৃতি পেয়েছে মেহেরপুরের বিভিন্ন বিদ্যালয় ও মাদ্রাসার শিক্ষার্থীরা। মাঠে উপস্থিত দর্শক ও শিক্ষার্থীরা খেলার উত্তেজনা উপভোগ করেন। অনুষ্ঠানস্থলে ক্রীড়া ভক্ত ও অভিভাবকদের জড়ো ভীড়, নৃত্য ও সাংস্কৃতিক পরিবেশ অনুষ্ঠানের ভাবমূর্তিকে আরও উজ্জ্বল করেছে। দিনশেষে বিজয়ীদের হাতে ট্রফি, মেডেল এবং সনদপত্র তুলে দেওয়া হয়। আয়োজক হিসেবে ছিল বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতি, মেহেরপুর সদর, যারা শিক্ষার্থীদের মধ্যে ক্রীড়া চেতনা ও স্বাস্থ্যকর প্রতিযোগিতামূলক মনোভাব গড়ে তোলার লক্ষ্য নিয়েই এই আয়োজন সম্পন্ন করেছেন।

## চুয়াডাঙ্গায় নকল সার বিক্রি ও

(প্রথম পৃষ্টার পর)

অভিযানে আকন্দবাড়িয়া গ্রামের মেসার্স কামরুল ট্রেডার্সে নকল সার বিক্রি ও মজুদের প্রমাণ মেলে। এ অপরাধে ওই প্রতিষ্ঠানের মালিক কামরুল হাসানকে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইনে এক লাখ টাকা জরিমানা করা হয়। অভিযানে উপজেলা কৃষি কর্মকর্তা আসিফ ইকবাল উপস্থিত ছিলেন। তিনি জানান, এক মাস আগে কামরুল ট্রেডার্সে অভিযান চালিয়ে নকল সন্দেহে আট বস্তা সার জব্দ করা হয় এবং পরীক্ষার জন্য ল্যাবে পাঠানো হয়। সম্প্রতি এ সারের বিষয়ে পরীক্ষাগারের প্রতিবেদন হাতে এসেছে। যাতে ওই সার নকল বলে উল্লেখ করা হয়েছে।

## মেহেরপুরে ফেনসিডিল মামলায় ১০

(প্রথম পৃষ্টার পর)

বাঘামারি মাঠে অভিযান চালিয়ে ৭০ বোতল ফেনসিডিলসহ রাজুকে আটক করে। এই ঘটনায় মেহেরপুর সদর থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করা হয়। পরে মামলার তদন্ত কর্মকর্তা আদালতে চার্জশিট দাখিল করলে স্বাক্ষীদের সাক্ষ্য প্রমাণের ভিত্তিতে আদালত এই রায় দেন।

## নির্বাচনে বিএনপির জয় দেখছেন ৪০

(প্রথম পৃষ্টার পর)

শতাংশ মনে করেন, আওয়ামী লীগকে অংশগ্রহণের সুযোগ দেওয়া উচিত। তবে প্রায় সমসংখ্যক ৪৫ দশমিক ৫৮ শতাংশ বলেছেন, নির্বাচনে অংশগ্রহণের আগে দলের বিচারের ব্যবস্থা হওয়া প্রয়োজন। জরিপে দেখা গেছে, ভোটারদের উদ্বেগ অর্থনীতি থেকে সরছে নিরাপত্তা ও জবাবদিহিতার দিকে। আইনশৃঙ্খলা উন্নতির দাবি জানিয়েছেন ৫৭ দশমিক ৫ শতাংশ ভোটার। পণ্যের দাম নিয়ন্ত্রণের দাবি করেছেন ৫৪ দশমিক ৬ শতাংশ। অংশগ্রহণকারীদের বড় অংশ ভারত (৭২ দশমিক ২ শতাংশ) ও পাকিস্তানের (৬৯ শতাংশ) সঙ্গে সুসম্পর্ক বজায় রাখার পক্ষে মত দিয়েছেন। তবে একটি অংশ ভারতের সঙ্গে কিছুটা দূরত্ব রাখার পক্ষে মত প্রকাশ করেছেন। ভোট দেওয়ার ক্ষেত্রে প্রার্থীর যোগ্যতাকে সবচেয়ে গুরুত্বপূর্ণ মনে করছেন ৬৫ দশমিক ৫ শতাংশ ভোটার। এরপর প্রার্থীর অতীত কর্মকাণ্ড (১৫ দশমিক ৮৭ শতাংশ) এবং দলের প্রতীক (১৪ দশমিক ৭৬ শতাংশ) প্রভাব ফেলছে। লক্ষণীয়ভাবে, দলের ইশতেহারকে গুরুত্ব দিয়েছেন মাত্র ৫ শতাংশ ভোটার। প্রজন্মভেদে জেনারেশন জেড প্রার্থীর কর্মকাণ্ডকে বেশি মূল্য দিয়েছে, আর চট্টগ্রামের ভোটাররা যোগ্যতার পর প্রতীকের ওপর সবচেয়ে বেশি গুরুত্ব দিয়েছেন (১৯ শতাংশ)। ভোটদানের অভিপ্রায় প্রকাশকারীদের মধ্যে আওয়ামী লীগের সমর্থন বেড়ে দাঁড়িয়েছে ১৯ দশমিক ৬৮ শতাংশে (আগে ছিল ১৪ দশমিক ০৭ শতাংশ)। বিএনপি ৪১ দশমিক ৩ এবং জামায়াতে ইসলামী ৩০ দশমিক ৩ শতাংশ ভোটারের সমর্থন ধরে রেখেছে। অন্যদিকে জাতীয় সমাজতান্ত্রিক দল (এনসিপি) ৪ দশমিক ১০ এবং ইসলামী আন্দোলন ৩ দশমিক ১০ শতাংশ ভোটার পেয়েছে। তবে যদি আওয়ামী লীগ নির্বাচনে অংশ নিতে না পারে, তাহলে বিএনপি (৪৫ দশমিক ৬ শতাংশ) ও জামায়াতে ইসলামী (৩৩ দশমিক ৫ শতাংশ) প্রধান উপকারভোগী হবে। সেই পরিস্থিতিতে ৮ দশমিক ৩ শতাংশ ভোটার ভোট না দেওয়ার সিদ্ধান্ত নেবে বলে জানিয়েছে জরিপ। সংবাদ সম্মেলনে জরিপের ফল তুলে ধরেন ইনোভিশন কনসাল্টিংয়ের ব্যবস্থাপনা পরিচালক রুবাইয়াত সরওয়ার। আলোচনায় অংশ নেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন অধ্যয়ন বিভাগের অধ্যাপক আসিফ এম শাহান, ভয়েস ফর রিফর্ম-এর সহ-সমন্বয়ক ফাহিম মাশরুরসহ অনেকে।

## গাংনীতে টাকা ছিনতাই

(প্রথম পৃষ্টার পর)

ছিনতাইকারীদের ধাওয়া করলেও তারা পালিয়ে যেতে সক্ষম হয়। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেছে। গাংনী থানার ওসি বানী ইসরাইল জানান বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে। তবে এখনো পর্যন্ত কাউকে আটক করা যায়নি।

## মেহেরপুরে নবাগত পুলিশ সুপারের

(প্রথম পৃষ্টার পর)

জড়িতদের কাছ থেকে ১৫০০টিরও বেশি সিম জব্দ করা হয়েছে। তবে সাইটগুলো বন্ধ করলেও তারা নতুন করে চালু করে। এ বিষয়ে বিটিআরসির সঙ্গে আলোচনা করবো। যেমনভাবে পর্ন সাইটগুলো বন্ধ করা হয়েছে, সেভাবেই জুয়ার সাইট বন্ধের উদ্যোগ নেয়া হবে।” তিনি জানান, শুধু সাইট বন্ধ নয়, বরং যারা এ জুয়ায় অংশ নেয় তাদের বিরুদ্ধেও ব্যবস্থা নেওয়া হবে। বিত্তবান জুয়াড়িদের আটক ও শাস্তি দিলে সমাজে প্রতিবন্ধকতা তৈরি হবে, যা অন্যদের নিরুৎসাহিত করবে। আসন্ন শারদীয় দুর্গাপূজা প্রসঙ্গে পুলিশ সুপার বলেন, মেহেরপুরে ৩৯টি পূজা মণ্ডপ রয়েছে। প্রতিটি মণ্ডপে রাত্রিকালীন টহল চালানো হয়। কাল থেকেই এ টহল আরও জোরদার করা হবে। তিনি বলেন, “আমার অফিসাররা প্রতিদিন পূজা মণ্ডপ পরিদর্শন করছেন। পূজা যাতে সুন্দরভাবে ও কোনো বিঘ্ন ছাড়াই সম্পন্ন হয় সেজন্য পুলিশের পক্ষ থেকে সর্বাত্মক চেষ্টা থাকবে।” তিনি সাংবাদিকদের অনুরোধ করেন, অনলাইনে বিভ্রান্তিকর তথ্য বা গুজব ছড়িয়ে কেউ যদি নাশকতার চেষ্টা করে, তাহলে তাৎক্ষণিকভাবে পুলিশকে জানাতে।সভায় উপস্থিত প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকরা জেলার আইনশৃঙ্খলা পরিস্থিতি, মাদক ও চোরাচালান নিয়ন্ত্রণ, যানজট সমস্যা, সড়ক দুর্ঘটনা, সীমান্ত নিরাপত্তা, গ্রামীণ জনপদের সামাজিক সমস্যা ও সাংবাদিকদের নিরাপত্তা বিষয়ে নানা প্রস্তাব ও পরামর্শ তুলে ধরেন। এসময় সাংবাদিকদের মধ্যে বক্তব্য দেন দৈনিক যুগান্তরের তোযাম্মেল আযম, এসএ টিভির ফজলুল হক মন্টু, কালের কণ্ঠের ইয়াদুল মোমিন, চ্যানেল ২৪ এর রাশেদুজ্জামান,ইত্তেফাকের গাংনী প্রতিনিধি আমিরুল ইসলাম অল্ডাম, তোফায়েল হোসেন, রফিকুল ইসলাম, শাহিন সিদ্দিকি প্রমুখ। এ সময় অতিরিক্ত পুলিশ সুপার কামরুল আহসান ও আব্দুল করিম, ট্রাফিক ইন্সপেক্টর আব্দুল মান্নানসহ জেলা পুলিশের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা উপস্থিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস
মেহেরপুর সদর, মেহেরপুর।

স্মারক নং- উমাশিঅ/মেহের/ম্যাঃকঃ- ৪৫(৩)/২০২৫/১৮১ তারিখ : ২৪/০৯/২০২৫ খ্রি.

টেংরামারী মাধ্যমিক বিদ্যালয় এর নিয়মিত ম্যানেজিং কমিটি গঠনের জন্য তফসীল ঘোষণা সংক্রান্ত।

সুত্রঃ ০৫.৮৮.৫৭৮৭.০০০.৬৪.২৭৭.২৫ - ১৪৫১ তারিখঃ ২৩/০৯/২০২৫ খ্রি.

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য টেংরামারী মাধ্যমিক বিদ্যালয় এর নিয়মিত ম্যানেজিং কমিটি গঠনের তফসীল নিম্নে প্রদান করা হলো।

০১। মনোনয়ন পত্র গ্রহণ ও জমাদান: ২৮, ২৯ ও ৩০ সেপ্টেম্বর/২০২৫ (সকাল- ১০.০০ টা থেকে বিকাল - ৪.০০ টা পর্যন্ত )
*. মনোনয়ন পত্র প্রাপ্তি স্থান : প্রধান শিক্ষক, টেংরামারী মাধ্যমিক বিদ্যালয় এর কার্যালয় ।
* . মনোনয়ন পত্র জমাদানের স্থান : প্রধান শিক্ষক, টেংরামারী মাধ্যমিক বিদ্যালয় এর কার্যালয় ।
০২। মনোনয়ন পত্র বাছাই : ০৫/১০/২০২৫ খ্রি. (বিকাল ৪.০০ টা)।
*. স্থান : উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, মেহেরপুর সদর, মেহেরপুর ।
০৩ । মনোনয়ন পত্র প্রত্যাহার : ০৭/১০/২০২৫ খ্রি. বিকাল - ৪.০০ টার মধ্যে।
*.স্থান : টেংরামারী মাধ্যমিক বিদ্যালয় এর প্রধান শিক্ষকের নিকট ।
০৪। নির্বাচন : ১৯/১০/২০২৫ খ্রি. (সকাল ১০.০০ টা থেকে বিরতিহীন ভাবে বিকাল - ৪.০০ টা পর্যন্ত )
* . স্থান : টেংরামারী মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গন।

**(মোঃ মনিরুল ইসলাম)**
**উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার**
**মেহেরপুর সদর, মেহেরপুর**
**ও**
**প্রিজাইডিং অফিসার**
**ম্যানেজিং কমিটি নির্বাচন/২০২৫**
**টেংরামারী মাধ্যমিক বিদ্যালয় ।**